তারিখ ২৭ FEB 2017
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# শিক্ষার্থীদের দেশবিরোধী আখ্যা দেওয়া অগণতান্ত্রিক

---------------- অমর্ত্য সেন

■ **ইত্তেফাক ডেস্ক**

ভারতে নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন বলেছেন, শিক্ষার্থীদের দেশবিরোধী আখ্যা দেয়া গণতান্ত্রিক নয়। সম্প্রতি দিল্লি বিশ্ববিদ্যালয়ের রামজস কলেজে ছাত্র সংঘর্ষ এবং বামপন্থী ছাত্রদের দেশবিরোধী বলে কেন্দ্রের বিরুদ্ধে এমন বক্তব্য দিয়েছেন অমর্ত্য সেন। **খবর এনডিটিভি'র**

ভারতীয় সংবাদ মাধ্যম এনডিটিভিকে দেয়া সাক্ষাৎকারে অমর্ত্য সেন বলেন, রাষ্ট্রের যে কোন কার্যকলাপের সমালোচনা গণতন্ত্রের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু সেই বিরোধী বক্তব্যগুলোকেই বারবার দমিয়ে দেয়ার চেষ্টা করা হচ্ছে। এই চেষ্টাকেই গণতন্ত্রবিরোধী কার্যকলাপ হিসাবে আখ্যা দেন তিনি। সাক্ষাৎকারে তিনি বলেন, দেশবিরোধী একটি অদ্ভুত শব্দ। এই শব্দে প্রকাশ পায় তীব্র অহংকার। সংখ্যালঘু সরকারের পক্ষে এমন শব্দ ব্যবহার অনুচিত। গত মঙ্গলবার দিল্লি বিশ্ববিদ্যালয়ের রামজস কলেজে এক সেমিনারে অংশ নিতে আসার কথা ছিল জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের ছাত্র উমর খালিদ ও শেহেবা রশিদের। এই উমর খালিদের বিরুদ্ধেই গত বছর দেশবিরোধী আচরণের অভিযোগ ওঠে।